



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০
ক্ষুদ্র সেচ বিভাগ, অধিশাখা-৪
www.badc.gov.bd


নং- ১২.০৬.০০০০.২৫১.১৪.০০২.১৯-২২৭

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৫
০৭ মার্চ ২০১৯

পরিপত্র

জলবায়ু পরিবর্তনের কারণে প্রকৃতি দিন দিন রুদ্ররূপ ধারণ করছে। প্রায় প্রতিদিন দেশের কোথাও না কোথাও বজ্রপাতসহ ঝড় ও বৃষ্টি হচ্ছে। আবহাওয়া ও জলবায়ু বিশেষজ্ঞরা চলতি মার্চ মাসে দুই-তিনটি হালকা থেকে মাঝারি এবং মাঝারি থেকে তীব্র মাত্রার কালবৈশাখী হওয়ার আশঙ্কা প্রকাশ করেছেন। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (বিএমডি) স্বল্প ও দীর্ঘ মেয়াদি আবহাওয়া পূর্বাভাসে মার্চ মাসের শেষের দিকে ভারি বৃষ্টিপাতের কারণে দেশের উত্তর-পূর্বাঞ্চলসহ প্রায় সারাদেশে আকস্মিক বন্যা হওয়ার আশঙ্কা প্রকাশ করা হয়েছে। এছাড়া, উত্তর, উত্তর-পশ্চিম ও মধ্যাঞ্চলে মাঝারি অথবা তীব্র কালবৈশাখী বা বজ্রপাতসহ ঝড় ও বৃষ্টি হতে পারে। বিএমডির পূর্বাভাসে এপ্রিল মাসেও উত্তর থেকে মধ্যাঞ্চলে তীব্র কালবৈশাখী বজ্রপাতসহ ঝড় ও বৃষ্টি এবং দেশের অন্যত্র চার থেকে পাঁচ দিন হালকা-মাঝারি কালবৈশাখী ঝড় ও বজ্রপাতসহ বৃষ্টি হতে পারে।

এহেন অবস্থার প্রেক্ষিতে মাঠ পর্যায়ে চলমান সকল প্রকল্প/কর্মসূচির বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড গুণগত মান নিশ্চিত করে নির্দিষ্ট সময়ে সম্পাদনে ইতঃপূর্বে জারীকৃত এ সংক্রান্ত সকল নির্দেশনা অনুসরণসহ সর্বদা সতর্ক ও সজাগ দৃষ্টি রাখতে হবে।


(মোঃ জিয়াউল হক)

প্রধান প্রকৌশলী (ক্ষুদ্র সেচ)

ফোন: ৯৫৫২৬৮৭

ই-মেইল chiefengineer_mi@badc.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার অনুসারে নয়)

১. প্রধান প্রকৌশলী (নির্মাণ/সওকা), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা। (বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), পশ্চিমাঞ্চল/পূর্বাঞ্চল, বিএডিসি, সেচ ভবন, ঢাকা।
৩. উপপ্রধান প্রকৌশলী (জ ও অ/মিশু), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা। (বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএডিসি----- (সকল)।
৫. প্রকল্প পরিচালক, বিএডিসি----- (সকল)।
৬. নির্বাহী প্রকৌশলী, বিএডিসি----- (সকল)।
৭. কর্মসূচি পরিচালক, বিএডিসি----- (সকল)।
৮. উপব্যবস্থাপক (প্রশাসন), ক্ষুদ্র সেচ বিভাগ, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৯. সহকারী প্রকৌশলী, বিএডিসি----- (সকল)।
১০. একান্ত সচিব, চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা। (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১. সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, সদস্য পরিচালক (ক্ষুদ্র সেচ), বিএডিসি, ঢাকা। (সদস্য পরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)
১২. অফিস কপি।